# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৫৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুসল্লী ব্যক্তির সামনে দিয়ে আড়াআড়িভাবে যাতায়াত করার ব্যাপারে নিষেধাজ্ঞা

## ذِكْرُ الزَّجْرِ عَنْ مُرُورِ الْمَرْءِ مُعْتَرِضًا بَيْنَ يدي المصلي

আরবী

2359 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا الْعَبَّاسُ بْنُ عَبْدِ الْعَظِيمِ قَالَ: حَدَّثَنا عَبْدُ الْكَبِيرِ الْحَنَفِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ مَوْهَبٍ قَالَ: سَمِعْتُ عَمِّي عُبَيْدَ اللَّهِ بْنَ مَوْهَبٍ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَوْ يَعْلَمُ أَحَدُكُمْ مَا لَهُ فِي أَنْ يَمْشِيَ بَيْنَ يَدَيْ أَخِيهِ مُعْتَرِضًا ـ وَهُوَ يُنَاجِي رَبَّهُ ـ لَكَانَ أَنْ يَقِفَ فِي ذلك المقام مئة عَامٍ أحبَّ إِلَيْهِ مِنَ الْخُطْوَةِ الَّتِي خَطَا)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2359 | خلاصة حكم المحدث: ضعيف ـ ((التعليق الرغيب)) (1/ 193و194).

বাংলা

২৩৫৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যদি তোমাদের কেউ জানতো যে, তার কোন ভাই তার প্রভুর সাথে একান্ত আলাপে নিয়োজিত আছেন, এমন অবস্থায় তার সামনে দিয়ে গমন করাতে তার কী (পরিমাণ গোনাহ) হয়, তবে তিনি যে মুসল্লী ব্যক্তির সামনে পদক্ষেপ ফেলবেন, তার চেয়ে সেখানে একশ বছর দাঁড়িয়ে থাকা তার কাছে বেশি প্রিয় হতো!”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/৩৭১; ইবনু মাজাহ: ৯৪৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৮১৪; তাহাবী, মুশকিলুল আসার: ৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/১৯৩-১৯৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91680

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন